

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**  
**ধর্মঘট চলছে**  
**পরীক্ষা স্থগিত**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে শিক্ষক সমিতি ও সাধারণ শিক্ষক ফোরামের ব্যানারে যৌথভাবে সর্বমুখক ধর্মঘট চলছে। ধর্মঘটের কারণে বিভিন্ন বিভাগের চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে।

গতকাল শনিবার সমাজবিজ্ঞান অনুষদের শিক্ষক সার্কেলে এক সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতি ও সাধারণ শিক্ষক ফোরাম জানায়, দাবি আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট চলবে।

এদিকে উপাচার্য আনোয়ার হোসেন গতকাল, রাতে প্রথম আপেক্ষে বলেন, আর রোববার তিনি শিক্ষকদের এই অবৈধ আন্দোলন সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির কাছে লিখিত অভিযোগ করবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক মো. নরীফ উদ্দিন, ফোরামের আহ্বায়ক অধ্যাপক মুহম্মদ হানিফ আলী এবং সদস্যসচিব অধ্যাপক মুহম্মদ কামরুল আহসানসহ অন্য শিক্ষকেরা।

উপাচার্যের পদত্যাগের দাবিতে সাত মাস ধরে আন্দোলন চলছে বিশ্ববিদ্যালয়ে। এই দীর্ঘ সময়ে কখনো শিক্ষক সমিতি আবার কখনো সাধারণ শিক্ষক ফোরামের ব্যানারে একাধিকবার কর্মবিরতি এবং ধর্মঘট পালন করেছেন আন্দোলনকারী এরপর পৃষ্ঠা ১৭ কলাম ৪

**পরীক্ষা স্থগিত**

শেষ পৃষ্ঠার পর শিক্ষকেরা। বছরের শেষ সময়ে এসে বিভিন্ন বিভাগে চূড়ান্ত পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। এ অবস্থায় আবার সর্বমুখক ধর্মঘটের কারণে শিক্ষার্থীরা কতির মুখে পড়বে কি না—এমন প্রশ্নের জবাবে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মল্লিক বলেন, বিশ্ববিদ্যালয়ের কল্যাণে এই সাময়িক কতিতিকে আমদের মনে নেওয়া হ্যাঁ উপায় নেই।

সকালে ঢাকা থেকে কয়েকটি বাসে শিক্ষক ও শিক্ষার্থীরা ক্যাম্পাসে এসেছেন। দুপুরে ক্যাম্পাস থেকে কয়েকটি বাস ছেড়ে গেলেও অন্য কোনো বাস চলাচল করতে মেননি আন্দোলনকারী শিক্ষকেরা।

উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেন গতকাল রাতে প্রথম আপেক্ষে বলেন, আন্দোলনকারী শিক্ষকদের বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির কাছে লিখিত অভিযোগ করবেন। উপাচার্য প্রথম থেকেই শিক্ষকদের এই আন্দোলনকে অবৈধ বলে আসছেন।

ছাত্র ও শিক্ষকদের সম্পর্কে অনৈক্যিকৃত বক্তব্য প্রদানসহ ১৬টি অভিযোগে উপাচার্যের পদত্যাগের দাবিতে সাধারণ শিক্ষক ফোরামের ব্যানারে সাত মাস ধরে আন্দোলন চলছে বিশ্ববিদ্যালয়ে।